



স্মারক নং ৪৬/মাশিবে/পরী/দাখিল-১৬/৬৪৬

তারিখ: ২৯/১১/২০১৫খ্রিঃ

২০১৬ সালের দাখিল পরীক্ষার সময়সূচি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের ২০১৬ সালের দাখিল পরীক্ষা নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। বিশেষ প্রয়োজনে বোর্ড কর্তৃপক্ষ এই সময়সূচি পরিবর্তন করতে পারবেন।


তারিখ	বার	বিষয় ও পরীক্ষা শুরুর সময় সকাল ১০টা	বিষয়কোড
০১/০২/২০১৬	সোমবার	কুরআন মাজিদ ও তাজবীদ	১০১
০৩/০২/২০১৬	বুধবার	হাদীস শরীফ	১০২
০৭/০২/২০১৬	রবিবার	আরবি প্রথম পত্র	১০৩
০৯/০২/২০১৬	মঙ্গলবার	আরবি দ্বিতীয় পত্র	১০৪
১১/০২/২০১৬	বৃহস্পতিবার	ফিকহ ও উসুলুল ফিকহ	১০৫
		আকাইদ ও ফিকহ	১৩৩
১৪/০২/২০১৬	রবিবার	১. ইংরেজি (শুধু অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য)	১০৭
		২. ইংরেজি প্রথম পত্র	১৩৬
১৬/০২/২০১৬	মঙ্গলবার	ইংরেজি দ্বিতীয় পত্র	১৩৭
১৮/০২/২০১৬	বৃহস্পতিবার	১. সামাজিক বিজ্ঞান	১২৯
		২. তাজবীদ নসর ও নযম (মুজাব্বিদ গ্রুপ)	১১৯
		৩. তাজবীদ (হিফযুল কুরআন গ্রুপ)	১২১
২৩/০২/২০১৬	মঙ্গলবার	সাধারণ গণিত	১০৮
২৫/০২/২০১৬	বৃহস্পতিবার	১. বাংলা (শুধু অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য)	১০৬
		২. বাংলা প্রথম পত্র	১৩৪
২৮/০২/২০১৬	রবিবার	বাংলা দ্বিতীয় পত্র	১৩৫
০১/০৩/২০১৬	মঙ্গলবার	১. ইসলামের ইতিহাস	১০৯
		২. জীববিজ্ঞান (তত্ত্বীয়)	১৩২
০৩/০৩/২০১৬	বৃহস্পতিবার	১. পৌরনীতি	১১১
		২. মানতিক	১১২
		৩. কৃষিশিক্ষা (তত্ত্বীয়)	১১৩
		৪. গার্হস্থ্য অর্থনীতি (তত্ত্বীয়)	১১৪
		৫. উর্দু	১১৬
		৬. ফার্সি.	১২৩
		৭. কম্পিউটার শিক্ষা (তত্ত্বীয়)	১২৫
০৬/০৩/২০১৬	রবিবার	রসায়ন (তত্ত্বীয়)	১৩১
০৮/০৩/২০১৬	মঙ্গলবার	পদার্থ বিজ্ঞান (তত্ত্বীয়)	১৩০
১০/০৩/২০১৬	বৃহস্পতিবার	উচ্চতর গণিত (তত্ত্বীয়)	১১৫

ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময়সূচি

বেসিক ট্রেডসহ সকল বিষয়ের ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা	১৫/০৩/২০১৬ তারিখ এর মধ্যে অবশ্যই সম্পন্ন করতে হবে। ১৯/০৩/২০১৬ তারিখ পরীক্ষা সংশ্লিষ্ট সকল কাগজপত্র বোর্ডে হাতে হাতে জমা দিতে হবে।	প্রতিদিন সকাল ১০ টা হতে পরীক্ষা শুরু করতে হবে।	নিজ নিজ কেন্দ্রে ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।	ব্যবহারিক পরীক্ষার জন্য শুধুমাত্র ব্যবহারিক উত্তরপত্র ব্যবহার করতে হবে।
-----------------------------------------------------	-----------------------------------------------------------------------------------------------------------------------------------	------------------------------------------------	--------------------------------------------------	-------------------------------------------------------------------------

বিশেষ নির্দেশাবলিঃ

- প্রশ্নপত্রে উল্লিখিত সময় অনুযায়ী পরীক্ষা গ্রহণ করতে হবে।
- পরীক্ষার্থীদের পরীক্ষা শুরু হওয়ার কমপক্ষে ৫ (পাঁচ) দিন পূর্বে স্ব-স্ব প্রতিষ্ঠান থেকে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।
- প্রথমে বহুনির্বাচনি ও পরে সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়) পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং উভয় পরীক্ষার মধ্যে ১০ (দশ) মিনিট সময়ের ব্যবধান থাকবে।
- পরীক্ষার্থীকে সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়), বহুনির্বাচনি ও ব্যবহারিক অংশে পৃথক পৃথকভাবে পাস করতে হবে।
- প্রত্যেক পরীক্ষার্থী নিজ নিজ উত্তরপত্রের OMR ফরমে তার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড ইত্যাদি যথাযথভাবে লিখে বৃত্ত ভরাট করবে। কোন অবস্থাতেই উত্তরপত্র ভাঁজ করা যাবে না।
- ব্যবহারিক পরীক্ষা স্ব-স্ব কেন্দ্রে অনুষ্ঠিত হবে।
- প্রত্যেক পরীক্ষার্থী কেবল প্রবেশপত্রে বর্ণিত বিষয়/বিষয়সমূহে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কোন অবস্থাতেই ভিন্ন বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।
- কেন্দ্র সচিব ব্যতিত অন্য কেহ পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন ব্যবহার করতে পারবেন না এবং কোন পরীক্ষার্থী কেন্দ্রে মোবাইল ফোন আনতে পারবে না।
- পরীক্ষার্থীদের প্রত্যেক বিষয়ের পরীক্ষায় স্বাক্ষরলিপিতে স্বাক্ষর করতে হবে। পরীক্ষায় অংশগ্রহণের এটি একটি নির্ভরযোগ্য দলিল। তত্ত্বীয়, মৌখিক এবং ব্যবহারিক পরীক্ষায় স্বাক্ষরলিপিতে একই স্বাক্ষর করতে হবে।
- পরীক্ষার্থীগণ পরীক্ষায় সাধারণ সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে।


(মোঃ নজমুল হুদা)
পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।